# রিলাডল

ট্রামাডল হাইড্রোক্লোরাইড বিপি

**উপস্থাপন: রিলাডল ক্যাপসুল:** প্রতিটি ক্যাপসুলে রয়েছে ট্রামাডল হাইড্রোক্লোরাইড বিপি ৫০ মিগ্রা।

**রিলাডল ইঞ্জেকশন:** প্রতি ২ মিলি ইঞ্জেকশনে রয়েছে ট্রামাডল হাইড্রোক্লোরাইড বিপি ১০০ মিগ্রা।

**নির্দেশনা:** মাঝারী থেকে তীব্র ব্যথায় ট্রামাডল নির্দেশিত। যেমন: অস্ত্রোপচার পরবর্তী ব্যথা, কলিক ও স্পাসটিক ব্যথা, ক্যান্সারের ব্যথা, সন্নিহিত সংযুক্তি সংক্রান্ত ব্যথা, ঘাড় ও পিঠের ব্যথা, অস্টিওপোরোসিস এর উপসর্গজনিত ব্যথা, বুকের ব্যথা (মায়োকার্ডিয়াল ইনফার্কশন এবং এন্‌জিনার ব্যথা)।

**সেবন মাত্রা এবং বিধি: ক্যাপসুল:** স্বাভাবিক সেবনমাত্রা ৫০-১০০ মিলিগ্রাম প্রতি চার থেকে ছয় ঘন্টা অন্তর। তীব্র ব্যথার ক্ষেত্রে প্রারম্ভিক মাত্রা হিসেবে ১০০ মিলিগ্রাম প্রয়োজন। ক্রনিক ব্যথার ক্ষেত্রে ৫০ মিলিগ্রাম প্রারম্ভিক মাত্রা নির্দেশিত। পরবর্তি মাত্রাসমূহ ৫০-১০০ মিলিগ্রাম ৪-৬ ঘন্টা অন্তর। ব্যথার তীব্রতার উপর ভিত্তি করে কি মাত্রার ও কতবার প্রয়োগ করতে হবে তা নির্ধারিত হয়ে থাকে। মুখে ব্যবহারের ক্ষেত্রে দৈনিক ৪০০ মিলিগ্রাম এর বেশি হওয়া উচিত নয়। **ইঞ্জেকশন:** ২-৩ মিনিট সময় নিয়ে শিরায় বা মাংসপেশীতে ইঞ্জেকশন অথবা শিরায় ইনফিউশনে ৫০-১০০ মিগ্রা প্রতি ৪-৬ ঘন্টা পর পর দিতে হবে। অস্ত্রোপাচারোত্তর ব্যথার চিকিৎসায় প্রারম্ভিক মাত্রা হিসেবে ১০০ মিলিগ্রাম ব্যবহার করতে হবে যা ১০-২০ মিনিট অন্তর ও ৫০ মিলিগ্রাম মাত্রার ইঞ্জেকশনের মাধ্যমে প্রথম ঘন্টায় সর্বোচ্চ ২৫০ মিলিগ্রাম পর্যন্ত দেয়া যেতে পারে। দৈনিক সর্বোচ্চ মাত্রা হচ্ছে ৫০-১০০ মিলিগ্রাম প্রতি ৪-৬ ঘন্টা হিসেবে ৬০০ মিলিগ্রাম পর্যন্ত।

**বিপরীত নির্দেশনা:** ট্রামাডল বা এই ওষুধের অন্যান্য উপাদান বা অপয়েড এর প্রতি অতিসংবেদনশীলতা। এ্যালকোহলে, হিপনোটিকস, কেন্দ্রীয় ভাবে ব্যথানাশক, অপয়েড বা সাইকোট্রোপিক ওষুধ এর সাথে বিষাক্ততা দেখা দিতে পারে।

**পার্শ্ব-প্রতিক্রিয়া:** প্রাথমিক অবস্থায় বমি বমি ভাব, বমি, কোষ্ঠকাঠিন্য এবং মাথা ঝিম ঝিম ভাব দেখা দিতে পারে। অতিরিক্ত মাত্রায় শ্বসনতন্ত্রের অবনমন এবং নিম্নরক্তচাপ দেখা দিতে পারে। অন্যান্য পার্শ্ব প্রতিক্রিয়ার মধ্যে রয়েছে মুখ শুকিয়ে যাওয়া, ঘেমে যাওয়া, মাথা ধরা, হৃদকম্পন বেড়ে যাওয়া, পালপিটেশন, মতিভ্রম, অপূর্ণ বাক্য, ভাবের পরিবর্তন, ত্বকে ফোস্কা পড়া এবং চুলকানি।

**সতর্কতা:** যেসব রোগীদের মৃগীরোগ এর পূর্ব ইতিহাস রয়েছে তাদের ক্ষেত্রে সর্তকার সাথে ব্যবহার করতে হবে। শ্বসনতন্ত্রের অবনমন: অতিরিক্ত মাত্রায় ট্রামাডল চেতনাহীনতা উৎপন্ন কারক বা এলকোহলের সাথে দেয়া হলে শ্বসনতন্ত্রের অবনমন দেখা দিতে পারে। শ্বসনতন্ত্রের অবনমন ঝুঁকিপূর্ণ রোগীদের ক্ষেত্রে সতর্কতার সাথে ব্যবহার করতে হবে। অন্তঃকরোটি / মস্তকমধ্যস্থ চাপ বৃদ্ধি বা মাথায় আঘাতপ্রাপ্ত রোগীদের ক্ষেত্রে সতর্কার সাথে ব্যবহার করতে হবে। অপয়েড নির্ভরতা: অপয়েড নির্ভর রোগীদের জন্য নির্দেশিত নয়। সাম্প্রতিককালে যারা অপয়েড গ্রহন করেছেন তাদের জন্য নির্দেশিত নয়।

**গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে: গর্ভাবস্থায়:** প্রসবকালে বা এর আগে যদি সম্ভাব্য ঝুঁকির চেয়ে সুবিধা বেশী হয় সেক্ষেত্র ছাড়া গর্ভাবস্থায় ব্যবহার করা যাবে না। গর্ভাবস্থায় নিরাপত্তা এখনও প্রতিষ্ঠিত হয়নি। **স্তন্যদানকালে:** অপারেশনের পূর্বে বা প্রসব পরবর্তী ব্যথানাশক হিসাবে ট্রামাডল দেয়া যাবে না। কারন নবজাতক এবং শিশুদের ক্ষেত্রে এর নিরাপদ ব্যবহার এখনও প্রতিষ্ঠিত হয়নি।

**বাণিজ্যিক মোড়ক :**
**রিলাডল ক্যাপসুল :** প্রতিটি বাক্সে আছে ৩ x ১০ টি ক্যাপসুল ব্লীস্টার স্ট্রীপে।
**রিলাডল ইঞ্জেকশন :** প্রতিটি বাক্সে আছে ১ x ৫ টি এ্যাম্পুল ব্লীস্টার স্ট্রীপে।

প্রস্তুতকারক:
**গ্লোব ফার্মাসিউটিক্যালস্ লিঃ**
নোয়াখালী, বাংলাদেশ।

# Reladol

Tramadol Hydrochloride BP

**Presentation: Reladol Capsule:** Each capsule contains Tramadol Hydrochloride BP 50 mg.

**Reladol Injection:** Each 2 ml injection contains Tramadol Hydrochloride BP 100 mg.

**Uses:** Tramadol is used for the treatment of moderate to severe painful conditions. These include post-operative pain, colic and spastic pain, cancer pain, joint pain, neck and back pain, pain associated with osteoporosis, chest pain (including pain associated with myocardial infarction and angina) etc.

**Dosage and administration: Reladol Capsule:** Usual doses are 50 to 100 mg every four to six hours. For acute pain an initial dose of 100 mg is required. For chronic painful conditions, an initial dose of 50 mg is recommended. Subsequent doses should be 50 to 100 mg administered 4-6 hourly. The dose level and frequency of dosing will depend on the severity of the pain. The total daily dosage by mouth should not exceed 400 mg. **Reladol Injection:** A dose of 50-100 mg may be given every 4 to 6 hours by intramuscularly or by intravenous infusion. For the treatment of post-operative pain, the initial dose is 100 mg followed by 50 mg every 10 to 20 minutes if necessary to a maximum of 250 mg in the first hour. Thereafter, doses are 50 to 100 mg every 4 to 6 hours up to a total daily dose of 600 mg.

**Contraindication:** Tramadol is contraindicated in persons having hypersensitivity to this drug. It is also contraindicated in acute intoxication with alcohol, hypnotics, centrally acting analgesics, opioids or psychotropic drugs.

**Side effect:** Nausea and vomiting (particularly in initial stage), constipation, drowsiness, larger doses produce respiratory depression and hypotension. Other side effects include dry mouth, sweating, headache, vertigo, tachycardia, palpitations, hypothermia, hallucination, dysphoria, mood changes, urticaria and pruritis.

**Precaution:** Tramadol should be used with care in patients with a history of epilepsy or those susceptible to seizure. Respiratory depression: When large doses of Tramadol are administered with anaesthetic medications or alcohol, respiratory depression may result. Therefore, Tramadol should be administered cautiously in patients at risk for respiratory depression. **Opioid dependence:** Tramadol is not recommended for patients who are dependent on opioids.

**Pregnancy & lactation:** Do not use in pregnant women prior to or during labor unless the potential benefits outweigh the risks. Safety use in pregnancy has not been established. **Lactating mother:** Tramadol is not recommended for obstetrical preoperative medication or for post delivery analgesia in nursing mothers because its safety in infants and newborns has not been studied.

**Packing:**
**Reladol Capsule:** Each Box containing 3x10's capsules in blister strip.

**Reladol injection:** Each box contains 1x5 ampoules in blister strip.

Manufactured by
**GLOBE PHARMACEUTICALS LTD.**
Noakhali, Bangladesh